

তাল--ঠুংরী

রাগিনী--ভারোয়া

এস নমি শান্তিদেবী গো মা,

হরিচাঁদ রঞ্জিনী ।

শান্তি দায়িনী প্রেম সুধা রূপে,

অশান্তি নাশিনী ॥

১। হরিচাঁদ-পদ্রে প্রেম-সুধা রূপে,

তুমি সুনির্মল আছ স্বরূপে ।

ভকত বাঞ্ছিত তব ঐ পদে,

ব্রহ্মময়ী সনাতনী ॥

২। যেখানেতে হয় নাম সংকীর্তন,

সেখানেতে মাতা তব আগমন ।

নামের সহিত যুগল মিলন,

হও গো জগৎ জননী ॥

---অভয়চরণ কবিরাজ



৩নং

তাল--ঠুংরী

রাগিনী--ভারোয়া

জয় জগৎ পিতা জ্ঞানদাতা

গুরুচাঁদ মহেশ্বর ।

(তুমি) নাম প্রচারক জীব নিস্তারক

শ্রীহরিচাঁদ-কুমার ॥

১। তুমি দেব-দেব ভবাদি বান্ধব,

তব সৌরভে ঘুচিল রৌরব ।